2592

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 13 SEP 1995 ...
পৃষ্ঠা ... ৪ কলাম ... ৮ ...

## ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের কর্মকর্তাগণ জবাব দেবেন কি?

আমি জেদ্দাস্থ বাংলাদেশ দূতাবাস হাই স্কুল ও কলেজের দ্বাদশ শ্রেণীর একজন ছাত্র। ১৯৯৪ সাল এ স্কুল থেকে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করি এবং কৃতিত্বপূর্ণ ফল অর্জন করি। গত ১৮.১০.৯৪ মার্কশীট এলে দেখতে পাই যে, আমার ইংরেজী ২য় পত্রের রচনামূলক অংশে কোন নম্বরের পরিবর্তে (০০) শূন্য দেয়া আছে। উল্লেখ্য যে, অন্য সমস্ত বিষয়ের পরীক্ষার মতো ইংরেজী রচনামূলক ২য় পত্রের পরীক্ষায়ও আমি ১০০% প্রশ্নের যথাযথ উত্তর দেই। কাজেই কোনক্রমেই আমার উল্লিখিত পত্রে শূন্য-পাওয়ার কথা নয়। যথারীতি স্কুল কর্তৃপক্ষের সুপারিশ ও ফীসহ গত ২৩.১০.৯৪ তারিখ আমার মার্কশীট সংশোধনের জন্য ঢাকা শিক্ষা বোর্ড বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে দরখাস্ত দেই। বিষয়টি জরুরী বিধায় আমার জনৈক আত্মীয় দরখাস্তের অনুলিপি বোর্ড অফিসে জমা দিতে গেলে কর্তৃপক্ষের পরামর্শ মোতাবেক দ্বিতীয় দফা ফী জমা দানের মাধ্যমে দরখাস্তটি গৃহীত হয়, যার নথি নম্বর ২৯ (০৩.১১.৯৪)। দীর্ঘদিন অতিবাহিত হওয়ার পরও কোন জবাব না পেয়ে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবরে কয়েকবার তাগাদাপত্র রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণ করি। কিন্তু আশ্চর্যের ব্যাপার হচ্ছে, দীর্ঘ প্রায় এক বছর অতিবাহিত হলেও শিক্ষা বোর্ড এ ব্যাপারে আমার মার্কশীট সংশোধন, খাতা পুনর্পরীক্ষা বা সামান্যতম খোঁজখবরও আমাকে বা স্কুল কর্তৃপক্ষকে জানানোর প্রয়োজন বোধ করেনি। আমার আত্মীয়-স্বজন বিভিন্ন সময়ে বোর্ড অফিসে যোগাযোগ করতে করতে এখন ক্লান্ত। এদিকে সংশোধিত মার্কশীটের অভাবে বিদেশে উচ্চ শিক্ষার জন্য কোনরূপ চেষ্টা চালানোও আমার পক্ষে সম্ভব হচ্ছে না। যেহেতু বিদেশে লেখাপড়ার একমাত্র মাধ্যম ইংরেজী অথচ সে ভাষাতেই আমাকে অন্যায়ভাবে শূন্য দিয়ে রাখা হয়েছে।

বোর্ড কর্তৃপক্ষের কাছে অনুরোধ এবং জিজ্ঞাসা— আমার সংশোধিত মার্কশীট বা ন্যূনতম এ বিষয়ে আপনাদের তরফ থেকে একটি সন্তোষজনক জবাব পেতে আর কতদিন অপেক্ষা করতে হবে?

**শিবলী সাদিক**

দ্বাদশ শ্রেণী, রোল-০২
বাংলাদেশ দূতাবাস হাই স্কুল ও কলেজ
পোঃ বক্স নং ঃ ৬২১৬
জেদ্দা, সৌদিআরব।